ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক সংবাদপত্র



# নিউজ সারাদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে



Digital Media Act No. : DM /34/2021 ● Prgi Application Process No. : T/WB/2024/0617/6991/1130 ● Govt. of India Reg No. : WB18D0018520 (UAN) ● ISBN No. : 978-93-5918-830-0 ● Website : https://epaper.newssaradin.live/

● বর্ষ ঃ ৫ ● সংখ্যা ঃ ০৫৩ ● কলকাতা ● ১১ ফাল্গুন, ১৪৩১ ● সোমবার ● ২৪ ফেব্রুয়ারী ২০২৫ ● পৃষ্ঠা - ৮ ● মূল্য - ৫ টাকা

## নয়া জেলা সভাপতি বাছবেন বিজেপি



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন**

দলীয় সূত্রের খবর, বিজেপির সর্বভারতীয় সাধারণ সম্পাদক সুনীল বনসল, রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার, সাধারণ সম্পাদক (সংগঠন) অমিতাভ চক্রবর্তী, যুগ্ম সাধারণ সম্পাদক (সংগঠন) সতীশ ধন্দ, কেন্দ্রীয় সহ-পর্যবেক্ষক অমিত মালবীয়—এই পাঁচ জনের হাতেই থাকবে নতুন জেলা সভাপতি বেছে নেওয়ার

এরপর ৩ পৃষ্ঠায়


## সোমবার রাজ্যের সরকারি ও বেসরকারি হাসপাতালের চিকিৎসকদের নিয়ে বৈঠক করবেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়



**বেবি চক্রবর্তী**

সোমবার রাজ্যের সরকারি এবং কয়েকটি বেসরকারি হাসপাতালের চিকিৎসকদের সঙ্গে বৈঠক করবেন রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। আরজিকর কাণ্ডের পরবর্তী সময় চিকিৎসকদের সঙ্গে এই বৈঠক যথেষ্ট তাৎপর্যপূর্ণ বলে মনে করা হচ্ছে। সোমবারের ধনধান্য সভাগৃহে এই বৈঠক নিয়ে বিভিন্ন মহলে জল্পনা শুরু হয়েছে। রাজ্যের চিকিৎসা পরিকাঠামোয় যে সমস্যাগুলি রয়েছে সেগুলো কি আলোচনায় উঠে আসবে এখন এই প্রশ্নই দানা বেঁধেছে ওয়াকিবহুল মহলে। চিকিৎসকদের একটা বড় অংশ মনে করছেন বিভিন্ন মেডিকেল কলেজে হুমকি প্রথা নিয়ে যেসব অভিযোগ রয়েছে সেইসবের কোন নিদর্শন হবে কিনা। রাজ্যের স্বাস্থ্য দপ্তরের গ্রিভান্স অ্যান্ড রিড্রেসাল কমিটি রাজ্যের প্রতিটি জেলায় গিয়ে মেডিকেল কলেজ এবং জেলা স্বাস্থ্য দপ্তরের সঙ্গে যুক্ত চিকিৎসকদের নিয়ে আলোচনা করেছে। এই আলোচনায় বহু

এরপর ৩ পাতায়






# কেন মুখে অকালে বলিরেখা দেখা দেয় এবং চুল ধূসর হয়ে যায়?

**উষা পাঠক,সিনিয়র সাংবাদিক**

**নয়াদিল্লি, ২৩ ফেব্রুয়ারি ২০২৫ (এজেন্সি)।** অনিয়ন্ত্রিত খাদ্যাভ্যাস, জীবনযাত্রা, ক্রমবর্ধমান দূষণ এবং মানসিক চাপের কারণে, মুখে অকাল বলিরেখা, চুল পড়া এবং পেকে যাওয়া এখন তরুণ ও শিশুদের মধ্যে একটি জটিল সমস্যা হয়ে উঠছে।

বিশেষ করে কর্মজীবী মহিলা এবং অল্পবয়সী মেয়েরা এই সমস্যাগুলির কারণে খুব সমস্যায় পড়ছে। এ থেকে মুক্তি পেতে তারা কেবল চর্মরোগ বিশেষজ্ঞ এবং বিউটিশিয়ানদের সাহায্য নিচ্ছেন না, বরং ভারতীয় এবং বিদেশী প্রসাধনী পণ্যও ব্যবহার শুরু করেছেন। এই সমস্যাগুলি সম্পর্কে বিশেষজ্ঞদের সাথে কথোপকথনের কিছু অংশ নিম্নরূপ:-

প্রখ্যাত এস্থেটিশিয়ান এবং কসমেটোলজিস্ট এবং প্রণামী ওয়েলনেসের প্রতিষ্ঠাতা পরিচালক শ্রীমতি প্রণামী দেবী বলেন যে বৃদ্ধ বয়সে এই সমস্যাগুলি সাধারণ, কিন্তু অকাল এই ধরনের সমস্যাগুলি উদ্বেগের বিষয়।

তিনি বলেন, অনিয়ন্ত্রিত খাদ্যাভ্যাস, জীবনযাত্রা, ক্রমবর্ধমান দূষণ এবং মানসিক চাপের কারণে অকাল বলিরেখা, চুল পড়া এবং পেকে যাওয়ার সমস্যা বাড়ছে। তাই এই দিকে মনোযোগ দেওয়া প্রয়োজন।

শ্রীমতী প্রণামী দেবী বলেন যে, এই পরিস্থিতি কাটিয়ে ওঠার জন্য, আজকাল মানুষ ব্যাপকভাবে কোরিয়ান উপকরণ ব্যবহার করছে, যা বেশ উপকারী।

হোমিওপ্যাথ ডাঃ আনন্দ ভাটি বলেন যে জীবনযাত্রা, ক্রমবর্ধমান দূষণ এবং মানসিক চাপের পাশাপাশি, রাসায়নিকের ব্যাপক ব্যবহারও একটি প্রধান কারণ।

ডাঃ ভাটি বলেন, এই সমস্যাগুলি মোকাবেলা করার জন্য শরীরে ভিটামিন এবং খনিজ পদার্থের ঘাটতি পূরণ করা গুরুত্বপূর্ণ। এর পাশাপাশি, মানসিক চাপ কমাতে ব্যায়াম করা উচিত। প্রাকৃতিক তেল দিয়ে চুল ম্যাসাজ করা উচিত এবং ধূমপান এড়ানো উচিত।

সিনিয়র কসমেটোলজিস্ট ডাঃ পুনম আর্য বলেন, মুখের অকাল বলিরেখা রোধ করতে ত্বককে রোদ থেকে রক্ষা করা উচিত। অ্যালকোহল এবং ধূমপান এড়িয়ে চলা উচিত এবং যতটা সম্ভব জল পান করা উচিত।

ডাঃ আর্য বলেন, অনেক সময় মুখে কালো দাগ দেখা দেয়, যা শেষ পর্যন্ত লেজার প্রযুক্তি ব্যবহার করে দূর করতে হয়।

বসুন্ধরা হাসপাতালের সিএমডি এবং সিনিয়র ফিজিশিয়ান অফ মেডিসিন ডাঃ গির্জেশ রাস্তোগি বলেন, চুল পাকার অনেক কারণ রয়েছে, যার মধ্যে মেলানিন হরমোনের হ্রাসও রয়েছে।

ভিটামিন, আয়রন, প্রোটিন, ক্যালসিয়াম, তামা এবং ফলিক অ্যাসিডের ঘাটতি প্রধান কারণ।

তিনি বলেন, চুল পাকা রোধ করতে প্রথমেই খাদ্যাভ্যাসের প্রতি বিশেষ মনোযোগ দেওয়া জরুরি। পুষ্টিকর খাবার খান, যাতে শরীর প্রয়োজনীয় সকল ভিটামিন পায়। এল.এস.

## অমানবিক ছবি গোসাবা হাসপাতালে মানসিক ভারসাম্যহীন এক আহত ব্যক্তিকে চিকিৎসাই করা হলো না দীর্ঘক্ষণ।



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

ফিফার বর্ষসেরার পুরস্কার জিতে নিয়েছেন রিয়াল মাদ্রিদ তারকা ভিনিসিয়ুস জুনিয়র। এবারই প্রথম ফিফার এই পুরস্কার জিতলেন ভিনি। কাতারের দোহায় মঙ্গলবার রাতে অনলাইনে ফিফার বর্ষসেরাদের নাম ঘোষণা করা হয়। ইন্টারকন্টিনেন্টাল টুর্নামেন্টের ফাইনাল খেলতে রিয়াল এখন দোহায় অবস্থান করছে বিধায় মঞ্চে উপস্থিত থেকে সেরার পুরস্কার নিয়েছেন ভিনিসিয়ুস।

গত মৌসুমে রিয়ালকে লা লিগা ও চ্যাম্পিয়নস লিগ জেতাতে অনবদ্য অবদান রাখেন ভিনিসিয়ুস। ৩৯ ম্যাচে তার গোল ছিল ২৪টি। ভিনি পেছনে ফেলেছেন রদ্রি ও জুড বেলিংহামকে। বছরের সেরা কোচ হয়েছেন রিয়ালের কার্লো আনচেলোত্তি। গোলরক্ষকের পুরস্কার জিতেছেন আর্জেন্টিনা ও অ্যাস্টন ভিলার এমিলিয়ানো মার্তিনেস। সেরা গোলের জন্য পুস্কাস অ্যাওয়ার্ড পেয়েছেন ম্যানচেস্টার ইউনাইটেডের আলেহান্দ্রো গারনাচো।

## অ্যাসিডিটি, কোলেস্টেরল এবং ডায়াবেটিসের মতো রোগের ৮৪ টি ওষুধ বাতিল করলো সেন্ট্রাল ড্রাগস স্ট্যান্ডার্ড কন্ট্রোল অর্গানাইজেশন

**বেবি চক্রবর্ত্তী**



ওষুধের গুণমান পরীক্ষায় ডাহা ফেল করলো রিপোর্টে এমনই চাঞ্চল্যকর তথ্য জানানো হয়েছে। এই ওষুধগুলি বাজার থেকে তুলে নেওয়া নির্দেশ দিয়েছে ওই সংস্থা।

ওষুধের গুণগত মান পরীক্ষার পর সতর্কতা জারি করে এই সংস্থার তরফ থেকে জানানো হয়েছে ডায়াবেটিস, অ্যাসিডিটি এবং কোলেস্টেরলের ৮৪ টি ওষুধ বিপদজনক। জীবানু ঘটিত রোগের মোকাবিলার জন্য এই ওষুধগুলির গুণগত মান অত্যন্ত খারাপ এবং বিপদজনক। তাই এই ওষুধগুলো বাজার থেকে তুলে নেওয়া নির্দেশ দেওয়া হয়েছে। যদিও এই ৮৪টি ওষুধের তালিকায় কোন সংস্থার ওষুধ আছে তা স্পষ্টভাবে জানা যায়নি।

প্রসঙ্গত উল্লেখ্য গতবছরের সেপ্টেম্বর মাসে এই সংস্থার ৫৩ টি ওষুধ গুণগত মানের পরীক্ষায় ব্যর্থ হয়েছিল। সেখানে এই তালিকায় যেমন ছিল প্যান-ডির মতো বহু পরিচিত হজমের ওষুধ তেমনি ক্লাভাম ৬২৫ এর মত অ্যান্টিবায়োটিক ওষুধ। এছাড়াও রক্তচাপ নিয়ন্ত্রণ রাখার ওষুধের পাশাপাশি ডায়াবেটিস নিয়ন্ত্রণ রাখার ওষুধও এই বিপদজনক তালিকায় ছিল।






(১ম পাতার পর)

# সোমবার রাজ্যের সরকারি ও বেসরকারি হাসপাতালের চিকিৎসকদের নিয়ে বৈঠক করবেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়

জায়গাতেই নানা অভাব অভিযোগের কথা শুনতে হয়েছে তাদের। তবে সব কিছুর সমাধান স্থানীয় স্তরে সম্ভব নয়, তাই কিছু সমস্যা কলেজ এবং জেলার স্বাস্থ্য সংস্থা আধিকারিক স্তরে এবং জেলার মুখ্য স্বাস্থ্য আধিকারিক স্তরে মিটিয়ে দেওয়া হয়েছে। রাজ্য হেলথ সার্ভিসের সাথে যুক্ত চিকিৎসকদের পাশাপাশি ২৪ টি সরকারি এবং দুটি মেডিকেল কলেজ, ই এস আই এবং কলকাতা পৌরসভার চিকিৎসকদের সঙ্গে আলোচনা করেছে এই কমিটি। কয়েকটি বেসরকারি হাসপাতালের চিকিৎসকদের সঙ্গেও এই কমিটির কথা হয়েছে। জেলার মেডিকেল কলেজের পরিকাঠামো এবং চিকিৎসকদের পোস্টিং এর স্বচ্ছতার অভাব নিয়ে যেমন ওই কমিটিকে অভিযোগ শুনতে হয়েছে তেমনি পর্যাপ্ত চিকিৎসক এবং যন্ত্রপাতি না থাকায় পরিষেবা ব্যাহত হবার বিষয়টিও উঠে এসেছে। এমনকি বেশ কয়েকটি কলেজের পড়ুয়া এবং চিকিৎসকরা হোস্টেলের অব্যবস্থা, খেলার মাঠের দূরবস্থা এবং শৌচাগার নিয়েও অভিযোগ জানিয়েছেন এই কমিটিকে। এই কমিটির সমস্ত বৈঠক থেকে উঠে আসা অভিযোগ এবং প্রস্তাবের বেশিরভাগই মুখ্যমন্ত্রীকে পাঠানো হয়েছে। চেয়ারম্যান চিকিৎসক সৌরভ দত্ত বলেন, "কোন কলেজে কি আলোচনা হয়েছে? মুখ্যমন্ত্রীকে কি জানানো হয়েছে সেটা আভ্যন্তরীণ বিষয় যা বলার মুখ্যমন্ত্রী বলবেন"।

এই বৈঠকের আগে ওয়েস্টবেঙ্গল জয়েন্ট প্লাটফর্ম অফ ডক্টর্স মুখ্যমন্ত্রী কে চিঠি দিয়ে জানিয়েছেন প্রায় চল্লিশ শতাংশ চিকিৎসক এবং কর্মবন্ধু সহ বিভিন্ন স্তরের সহযোগী কর্মচারীদের প্রায় ৭০ শতাংশ শূণ্য পদ রয়েছে। মুখ্যমন্ত্রী সঙ্গে সরকারি এবং বেসরকারি হাসপাতালের চিকিৎসকদের এই বৈঠকে কোন চিকিৎসক সংগঠনকে আমন্ত্রণ জানানো হয়নি।

(১ম পাতার পর)

# নয়া জেলা সভাপতি বাছবেন বিজেপি

ক্ষমতা।ডিস্ট্রিক্ট রিটার্নিং অফিসার' (ডিআরও) ও পর্যবেক্ষকেরা যৌথ ভাবে প্রতিটি সাংগঠনিক জেলা থেকে অন্তত তিন জন সম্ভাব্য জেলা সভাপতিদের নাম জমা দিয়েছেন। বিজেপি সূত্রের খবর, এ দিন উত্তরবঙ্গের নানা জেলা, কাঁথি, তমলুক, শ্রীরামপুরের মতো সাংগঠনিক জেলা থেকে তালিকা সংগ্রহের এই প্রক্রিয়া শেষ হয়েছে। কলকাতা ও পার্শ্ববর্তী জেলাগুলো থেকে আজ তালিকা সংগ্রহ করা হতে পারে। দলীয় সূত্রের খবর, তিন জন করে সম্ভাব্য সভাপতির নাম চাওয়া হলেও একাধিক জেলায় এই তালিকা দুই অঙ্কে পর্যন্ত পৌঁছে গিয়েছে। তালিকা সংগ্রহের পরে এসআরও-র সহযোগিতায় ওই পাঁচ সদস্যের কমিটি জেলা সভাপতির বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত নেবে। বয়স-নীতিতে জেলা সভাপতিদের বয়সের ঊর্ধ্বসীমা ৬০ বছর রাখা হয়েছে।

# এবার শুভেন্দু কি নন্দীগ্রাম ছেড়ে ভবানীপুরে?



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

**কলকাতা :-** এই প্রশ্ন এখন রাজনৈতিক মহলে ঘুরে বেড়াচ্ছে। সম্প্রতি দেখা যাচ্ছে বিরোধী দোলনেতা বার বার করে ভবানীপুর মিটিং, মিছিল, সভা করছেন। আজ অর্থাৎ রবিবার ভবানীপুর বিধানসভার থিয়েটার রোড এলাকায় 'মন কি বাত' অনুষ্ঠানে ছিলেন শুভেন্দু। রাজনৈতিক মহল মনে করছে যে শুভেন্দুর অন্য একটা হিসাব আছে। সম্প্রতি, শুভেন্দু বলেনছিলেন, নন্দীগ্রামের চেয়ে ভবানীপুরে জেতা তাঁর কাছে অনেক সহজ। কারণ, ভবানীপুরে রয়েছেন অনেক অবাঙালি ভোটার। এর কয়েকদিন পর দলীয় কর্মীদের উপর হামলার

এরপর ৪ পাতায়

# মমতার 'বাংলার বাড়ি' প্রকল্পে সর্বাধিক বরাদ্দ অভিষেকের জেলায়



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

গৃহহীনদের মাথার উপর ছাদ দেওয়ার প্রতিশ্রুতি নিয়েই মমতা বন্দ্যোপাধ্যায়ের 'বাংলার বাড়ি' প্রকল্পের অগ্রগতি অব্যহত রয়েছে। কেন্দ্রে মোদী সরকার পশ্চিমবঙ্গের জন্য আবাস যোজনার অর্থ বরাদ্দ বন্ধ রেখেছে। তবুও রাজ্য সরকার নিজেদের কোষাগার থেকে অর্থ জোগাড় করে প্রকল্পকে সফল করতে বদ্ধপরিকর।তবে রাজ্য সরকারের দাবি, এই প্রকল্পে কোনও পক্ষপাত নেই, সম্পূর্ণ স্বচ্ছ প্রক্রিয়াতেই উপভোক্তাদের নির্বাচন করা হয়েছে। দক্ষিণ ২৪ পরগনা জেলার জন ঘনত্ব বেশি। এই জেলা আর্থিক ভাবে অনগ্রসর মানুষের সংখ্যাও বেশি। তাই গৃহহীন পরিবারের সংখ্যাও এই জেলাতে দক্ষিণ বা উত্তরবঙ্গের আর সব জেলার তুলনায় বেশি। এর মধ্যে কোনও রাজনীতি বা পক্ষপাত নেই। নবান্নের তরফে জানানো হয়েছে, শীঘ্রই সমস্ত পেন্ডিং আবেদন নিষ্পত্তি করা হবে এবং বাংলার বাড়ি প্রকল্পের মাধ্যমে আরও বেশি গৃহহীন মানুষকে স্থায়ী ছাদের নিচে আনা হবে।চলতি অর্থ বছরে ১২ লক্ষ পরিবারের জন্য বাড়ির টাকার প্রথম কিস্তি বরাদ্দ করা হয়েছে। ২০২৫-২৬ আর্থিক বছরে আরও ১৬ লক্ষ পরিবারকে বাড়ি বানানোর টাকা দেওয়া হবে বলে বাজেটে অঙ্গীকার করেছে মমতা বন্দ্যোপাধ্যায় সরকার(Mamata Banerjee)। ইতিমধ্যেই ১২ লক্ষ উপভোক্তার অ্যাকাউন্টে প্রথম কিস্তির টাকা পৌঁছে দেওয়া হয়েছে। সরকারি পরিসংখ্যান বলছে, রাজ্যের মধ্যে সর্বাধিক বাড়ি বরাদ্দ পেয়েছে দক্ষিণ ২৪ পরগনা। এখানে ১,৬৩,৯৩০টি বাড়ি অনুমোদিত হয়েছে, এবং প্রায় সকল উপভোক্তার অ্যাকাউন্টেই টাকা পাঠানো হয়েছে। অন্যদিকে, সবচেয়ে কম বরাদ্দ পেয়েছে পশ্চিম

এরপর ৫ পাতায়

# সম্পাদকীয়

## বৃহস্পতিবার সর্বস্তরের তৃণমূল নেতৃত্বকে নেতাজি ইন্ডোরে ডাকলেন মমতা

নেতাদের সঙ্গে আগামী বৃহস্পতিবার নেতাজি ইন্ডোরে বৈঠকে বসতে চলেছেন দলের সর্বোচ্চ নেত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। গত বছর নভেম্বরে জাতীয় কর্মসমিতির বৈঠকেই তিনি জানিয়ে দিয়েছিলেন যে, সর্ব স্তরের নেতাদের নিয়ে বৈঠক করবেন। সেইমতো বৃহস্পতিবার সকাল ১১টা থেকে বৈঠকে বসার ডাক দিলেন নেত্রী।বিধানসভা ভোটের কথা মাথায় রেখে ইতিমধ্যে সাংগঠনিক রদবদল হয়েছে তৃণমূলে। অধ্যাপক, শিক্ষক সংগঠনে রদবদল হয়েছে। তৃণমূলের একটি সূত্র বলছে, আগামী দিনে বেশ কিছু পুরসভার চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান পদে বদল হতে পারে। এই বৈঠকের জন্য সেই বিষয়টি আটকে রয়েছে বলে মত দলের একাংশের। বৈঠকে সেই নিয়ে সিদ্ধান্ত নেওয়া হতে পারে। তার পরে মার্চের প্রথম সপ্তাহে সেই রদবদল হতে পারে বলে সূত্রের খবর।তৃণমূল সূত্রে খবর, দলের যে সব বিধায়ক, সাংসদ, জেলা পরিষদের সভাধিপতি, পদাধিকারীকে বৈঠকে ডাকা হবে, তাঁদের কাছে দলের তরফে আমন্ত্রণ পাঠানো হবে। আগামী বছর বিধানসভা ভোটকে নজরে রেখে ইতিমধ্যেই তৃণমূলে কিছু সাংগঠনিক রদবদল হয়েছে। তৃণমূলের একটি সূত্র বলছে, এই বৈঠকের পরে আরও কিছু সাংগঠনিক রদবদল হতে পারে রাজ্যে। পাশাপাশি, ভোটের আগে রাজ্যের শেষ পূর্ণাঙ্গ বাজেটে আগামী এক বছর রাজ্য সরকারের পথ চলার একটি রূপরেখা প্রকাশ করা হয়েছে। তৃণমূল সূত্রে খবর, সেই রূপরেখা কার্যকর করার জন্য বৈঠকে প্রয়োজনীয় নির্দেশ দিতে পারেন দলের সর্বোচ্চ নেত্রী।তৃণমূলের সর্ব স্তরের নেতাদের নিয়ে বৈঠক করার কথা আগেই জানিয়েছিলেন নেত্রী মমতা। বিধানসভায় বাজেট অধিবেশনের কারণে সেই বৈঠক কিছুটা পিছিয়ে যায়। শেষ পর্যন্ত সিদ্ধান্ত হয়েছে যে, বৃহস্পতিবার নেতাজি ইন্ডোরে হবে সেই বৈঠক। তৃণমূল নেতাদের একটা বড় অংশ মনে করছেন, পরের বছর বিধানসভা নির্বাচনের কথা মাথায় রেখেই এই বৈঠক। তৃণমূল সূত্রের খবর, বৈঠকে উপস্থিত থাকবেন জেলার গুরুত্বপূর্ণ পদাধিকারী, সভাপতি, সাংসদ, বিধায়ক, শাখা সংগঠনের প্রধানদের অনেকেই। যাঁদের উপস্থিত থাকতে বলা হবে, তাঁদের কাছে আমন্ত্রণ পাঠানো হবে দলের তরফে।বৈঠকে কী বার্তা দেবেন দলনেত্রী, তা নিয়ে ইতিমধ্যে জল্পনা শুরু হয়েছে। ২০২৬ সালের বিধানসভা ভোটের আগে শেষ পূর্ণাঙ্গ বাজেট অধিবেশন হয়ে গেল চলতি মাসে। আগামী বছর ভোটের আগে হবে অন্তর্বর্তী বাজেট। চলতি বছরের পূর্ণাঙ্গ বাজেটে রাজ্য সরকারের আগামী এক বছরের পথ চলার রূপরেখা প্রকাশ করা হয়েছে। বাজেটের সেই রূপরেখা দল কী ভাবে কার্যকর করবে, প্রচার করবে, সাধারণ মানুষের কাছে পৌঁছে দেবে, তা নেতাদের কাছে তুলে ধরতে পারেন মমতা। কী ভাবে উন্নয়নমূলক কাজ করতে হবে, তা নিয়েও বার্তা দিতে পারেন তিনি।

# মায়ের আশীর্বাদ অসীম



মৃত্যুঞ্জয় সরদার
(তৃতীয় পর্ব)



আমাকে বলেছে তুমি সাংবাদিকতা কেন করছো এটা ছেড়ে দাও, আমি স্বামী বিবেকানন্দর কথামতো বলেছিলাম ঈশ্বর যা করার আমি তাই করছি। স্বামী বিবেকানন্দ ঈশ্বরের স্বরূপ ছিলেন, এ প্রসঙ্গে হয়তো অনেকের অজানা। স্বয়ং ঈশ্বর বিবেকানন্দকে দিয়ে সব কাজ করিয়ে নিয়েছে, সে প্রসঙ্গে একটু বলে রাখাই ভালো। স্বামী বিবেকানন্দ এর একটি ঘটনা স্বামীজী একবার তাঁর শিষ্য ও ব্রক্ষচারীদের একটি তাঁর জীবনে ঘটে যাওয়া ঘটনা বলেছিলেন - একবার তিনি ট্রেনে করে কোথাও যাচ্ছিলেন। তিনি যে কামড়ায়

**ক্রমশঃ**

**(লেখকের অভিমতের জন্য লেখক দায়বদ্ধ)**

(৩ পাতার পর)

# এবার শুভেন্দু কি নন্দীগ্রাম ছেড়ে ভবানীপুরে?

প্রতিবাদে মিছিল করেন ভবানীপুর লাগোয়া রাসবিহারী- টালিগঞ্জ এলাকায়। দিন-কয়েক আগে ফের বিধানসভার গেটে দাঁড়িয়ে প্রসঙ্গ তোলেন ভবানীপুরের। হিন্দুদের এগিয়ে আসার আহ্বান জানান তিনি। এরপর আজ অর্থাৎ রবিবার ভবানীপুর বিধানসভার থিয়েটার রোড এলাকায় ‘মন কি বাত’ অনুষ্ঠানে ছিলেন শুভেন্দু। নন্দীগ্রামের বিজেপি বিধায়কের বারবার এই ভবানীপুর বিধানসভা কেন্দ্রে আনাগোনা নিয়ে প্রশ্ন তুলেছেন রাজনীতির কারবারীদের একাংশ। ২০২৬-এ ভবানীপুর কেন্দ্র থেকে দাঁড়াবেন কি শুভেন্দু? এই প্রশ্ন কিন্তু ঘোরাফেরা করছে রাজনীতির অলিতে-গলিতেও। যদিও, বিরোধী দলনেতা ভবানীপুর থেকে সরাসরি দাঁড়ানোর কথা না বললেও, তাঁর নজর যে মমতা বন্দ্যোপাধ্যায়ের নির্বাচনী কেন্দ্রের দিকে রয়েছে সেই বিষয়টি খানিকটা ইঙ্গিতে প্রকাশ করেছেন। এক সময় নন্দীগ্রামেই শুভেন্দু নিজের ৯০ থেকে ৯৫ শতাংশ কর্মসূচি করতেন। দু’একটি ক্ষেত্রে দেখা গিয়েছে তিনি বাইরে তাঁর কর্মসূচি করেছেন। এই বিষয়ে শুভেন্দু বলেন, "আমরা মিছিল করছিলাম। তাজবেঙ্গল আর পশু হাসপাতালের সামনে। সেখানে তৃণমূলের লোক ছিল না। আমি এখানে এসে ন্যাশানাল লাইব্রেরির রিডিং রুম দেখলাম। চা-সিঙারা খেলাম। আমার কাছে নন্দীগ্রামের থেকেও ভবানীপুর খুব সহজ।”

## শিবরাত্রি ব্রতের ব্যাখ্যা করেন মহাদেব স্বয়ং



**-: মৃত্যুঞ্জয় সরদার :-**

সূর্য্য অস্ত যাওয়ার ১ ঘণ্টা পূর্বে ভক্তদের স্নান করে পূজার জন্য প্রস্তুত থাকা উচিত। প্রারম্ভিক পূজাকালে ভগবান শিবের সঙ্গে মাতা পার্বতী, শ্রী গণেশ, শ্রী কার্তিক এবং নন্দি মহারাজের পূজা করা হয়। এরপর ভগবান শিবকে আহ্বান করা হয় একটি পবিত্র কলসে।

**ক্রমশঃ**

• সতর্কীকরণ •

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

# বারবার ভর্ৎসিত রাজ্যের 'অযোগ্য' আইনজীবীরা! এবার যোগ্য কৌঁসুলিদের খোঁজে সরকার

**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন**

শিক্ষা থেকে স্বাস্থ্য জল থেকে রাস্তা রাজ্যের বিরুদ্ধে একাধিক ক্ষেত্রে রয়েছে ভুরিভুরি দুর্নীতির অভিযোগ। বিগত কয়েক বছর ধরে শিক্ষক নিয়োগ দুর্নীতিতে প্রশ্নের মুখে পড়েছে রাজ্যের শিক্ষা ব্যবস্থা। এরই মধ্যে এবার শিরোনামে কলকাতা হাইকোর্টের সরকারি কৌঁসুলিদের প্যানেলে থাকা 'অযোগ্য' ও 'অদক্ষ' আইনজীবীরা।এক আইনজীবীর কথায় প্যানেলের বিভিন্ন গ্রেডে থাকা আইনজীবীদের একাংশের দায়িত্বহীনতার জন্য বারবার আদালতের সমালোচনার মুখে পড়তে হচ্ছে। তবে নানান বাধ্যবাধকতার কারণে সবাইকে বাদ দেওয়া সম্ভব নয়। কয়েকটি ক্ষেত্রে হাইকোর্টের নির্দেশে কিছু আইনজীবীকে ইতিমধ্যেই সরিয়ে দেওয়া হয়েছে। এবার জোর দেওয়া হচ্ছে উপরতলার যোগ্য, দক্ষ, সিনিয়ার আইনজীবী নিয়োগের ব্যাপারে।যা নিয়ে সাম্প্রতিক অতীতে একাধিকবার উষ্মা প্রকাশ করেছেন একাধিক বিচারপতি। লাগাতার তাঁদের সমালোচনায় অস্বস্তি বাড়ছে রাজ্যের। একের পর এক মামলায় হেরে যাওয়ায় বেকায়দায় পড়েছে রাজ্য প্রশাসন।

পরিস্থিতি ক্রমশ হাতের বাইরে চলে যাচ্ছে বুঝতে পেরে শাসক দল ঘনিষ্ঠ আইনজীবী নয় পরিবর্তে বিচারপতিদের পছন্দের তালিকায় রয়েছেন এমন 'দক্ষ' ও 'যোগ্য' আইনজীবীদের প্যানেলে আনতে মরিয়া রাজ্য সরকার। অযোগ্য আইনজীবীদের নিয়ে বিভিন্ন সময়ে



বিচারপতি জয়মাল্য বাগচী থেকে শুরু করে বিচারপতি তীর্থঙ্কর ঘোষের তীব্র ভর্ৎসনার মুখে পড়েছে রাজ্য সরকার।

রাজ্যের এই বিড়ম্বনা আরও বাড়িয়ে দিয়েছে কলকাতা হাইকোর্টের বিচারপতি বিশ্বজিৎ বসুর একটি নির্দেশ। গত মাসের ২১ জানুয়ারি একটি মামলায় সরকারি প্যানেলের আইনজীবীদের কাজের সমালোচনা করে তাঁর লেখা রায় আইনমন্ত্রীকে পাঠিয়ে কার্যত প্যানেল থেকে অযোগ্যদের বাতিলের বার্তা দিয়েছিল হাইকোর্ট।

চলতি সপ্তাহেও প্যানেলের আইনজীবীদের নিয়ে উষ্মাপ্রকাশ করেছেন জাস্টিস বসু। এটি মামলার শুনানির জন্য এজলাসে উপস্থিত রাজ্যের অ্যাডভোকেট জেনারেল কিশোর দত্তকে উদ্দেশ্য করে বিচারপতি বসু এদিন স্পষ্ট জানিয়ে দিয়েছেন, 'উৎসাহী নন এমন আইনজীবীদের প্যানেলের রাখা হবে না। শিক্ষকদের বহু মামলা,কোথাও বকেয়া পেনশন,কোথাও মামলাকারীর অবসরের পর অন্য বকেয়া মেটানোর মামলা এইসব আইনজীবীদের জন্য আটকে থাকছে। যার ফল ভোগ করছেন বিচারপ্রার্থীরা।'

রীতিমতো বিরক্ত হয়ে এই মামলায় বিচারপতির পর্যবেক্ষণ ছিল একদিন বা দু'দিন নয় এমন আইনজীবীদের দিনের পর দিন তলব করার পরেও তারা শুনানিতে হাজির পর্যন্ত থাকছেন না। হাইকোর্টে (Calcutta High Court) রাজ্যের সরকারি প্যানেলের অ্যাডভোকেট জেনারেল, অতিরিক্ত অ্যাডভোকেট জেনারেল ও জিপির পরে স্ট্যান্ডিং কাউন্সেল রয়েছেন। পরবর্তী তালিকায় বিভিন্ন গ্রেডে কয়েকশো আইনজীবীর নাম রয়েছে।

অভিযোগ আদালতে দায়িত্বশীল কয়েকজন সরকারি কৌঁসুলি সরকারি মামলায় জুনিয়রদের দাঁড় করিয়ে দিয়ে, তাঁরা নিজেরা প্রাইভেট মামলায় বেশি ব্যস্ত থাকছেন। এই বিষয়ে অসন্তোষ থাকলেও মূল সমস্যা তাদের পরের ধাপে থাকা আইনজীবীদের নিয়ে। এমন এক দলের বিরুদ্ধে ক্ষোভ উগরে দিয়ে জানানো হয়েছে মামলার ব্রিফ না পড়েই শুনানিতে হাজির হচ্ছেন কেউ কেউ। আবার অন্য দলের বিরুদ্ধে অভিযোগ তাঁরা শুনানিতেই হাজির থাকছেন না।

সূত্রের খবর, গভর্নমেন্ট প্লিডারের সঙ্গেই অতিরিক্ত অ্যাডভোকেট জেনারেল পদে বর্তমানে এক জনের জায়গায় তিন থেকে চার জনকে নিয়োগের ভাবনা চলছে। খোঁজ চলছে দক্ষ আইনজীবীর। রাজ্যের তরফে প্রাথমিক ভাবে বাছাই করা ১০-১২ জনের তালিকায় কেন্দ্রীয় সরকারের প্যানেলভুক্ত কয়েকজন আইনজীবীর নাম রয়েছে।

(৩ পাতার পর)

# মমতার 'বাংলার বাড়ি' প্রকল্পে সর্বাধিক বরাদ্দ অভিষেকের জেলায়

বর্ধমান, যেখানে মাত্র ৭,৯১৩টি বাড়ি মঞ্জুর হয়েছে।রাজ্য রাজনীতিতে দক্ষিণ ২৪ পরগণা গত কয়েক বছর ধরে অভিষেকের জেলা বলে পরিচিত। কারণ, তাঁর নির্বাচন কেন্দ্র ডায়মন্ড হারবার এর মধ্যেই পড়ে। তা ছাড়া আগে দক্ষিণ ২৪ পরগনার পর্যবেক্ষক ছিলেন অভিষেক। তবে এখন খাতায় কলমে অভিষেকের জেলা বলা হয়তো ঠিক নয়। কারণ, অভিষেক এখন দলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক। দক্ষিণ ২৪ পরগনা জেলার পর্যবেক্ষকও নন। এই জেলায় তাঁর নির্বাচন কেন্দ্রের আর্থ সামাজিক উন্নয়ন ও সামগ্রিক দেখভালে তিনি অতিশয় সক্রিয় ঠিকই, কিন্তু জেলার বাকি অঞ্চলের ব্যাপারে ততটা নন। তবে কি, রাজনীতি ধারণায় চলে। এবং দক্ষিণ ২৪ পরগনা জেলাকে এখনও অভিষেকের জেলা বলেই অনেকে মনে করেন ও বলেন।

দক্ষিণ ২৪ পরগনা - ১,৬৩,৯৩০

কোচবিহার - ১,১৩,৩২৮

উত্তর ২৪ পরগনা - ৮০,৯৩১

পশ্চিম বর্ধমান - ৭,৯১৩ ঝাড়গ্রাম - ২১,২৫২

মালদা - ২৯,৭১৬

প্রকল্পের প্রথম পর্যায়ে কিছু আবেদন এখনও অনুমোদনের অপেক্ষায় রয়েছে। প্রশাসনিক যাচাই-বাছাইয়ের প্রক্রিয়া চলার কারণে কয়েকটি জেলায় এখনও কিছু বাড়ির অনুমোদন আটকে। তবে লক্ষণীয় বিষয়, দক্ষিণ ২৪ পরগনায় কোনও আবেদন পেন্ডিং নেই, যেখানে অন্যান্য জেলাগুলিতে কিছু সংখ্যক আবেদন এখনও মঞ্জুর হয়নি।

উত্তর ২৪ পরগনা - ১,১৯৭

কোচবিহার - ৪১৩

হুগলি - ২২৫

মুর্শিদাবাদ - ৪৫১

এই পরিসংখ্যান প্রকাশ্যে আসতেই বিরোধী শিবিরে শুরু হয়েছে রাজনৈতিক তরজা। বিজেপি নেতা সজল ঘোষ কটাক্ষ করে বলেছেন, "ভাইপোর জেলার জন্য আলাদা সুবিধা দিচ্ছেন পিসি।" সিপিএম নেতা সুজন চক্রবর্তীও প্রশ্ন তুলেছেন, "প্রকৃত গরিব মানুষের ঘর পাওয়া উচিত, কিন্তু কোনও পক্ষপাত যেন না হয়।"

## আপাতকালীন পরিষেবা তালিকাসূচী

**Emergency Contacts**
Ambulance - 102
Ambulance (Randhumahal Club) - 9735697689
Child Line – 112
Canning PS - 03218-255221
FIRE - 9064495235

**Contacts of Hospital, Nursing Home & Doctors**
Canning S.D Hospital - 03218-255352
Dipanjan Nursing Home - 03218-255691
Green View Nursing Home - 03218-255550
A.K.Moolal Nursing Home - 03218-315247
Binapani Nursing Home - 9732545652
Nazat Nursing Home, Taldi - 9143032199
Welcome Nursing Home - 9733593488
Dr. Bikash Sapui - 03218-255269
Dr. Biren Mondal - 03218-255247
Dr Arun Dulal Paul - 03218 - (Cham) 253219, (Re) 255548
Dr. Phani Bhusan Das - 03218 - 255364, (Cham) 255264
Dr. A.K. Bhartacherjee - 03218-255518
Dr. Lokenath Sa - 03218-255660

**Administrative Contacts**
SP Office - 033-24330010
SDO Office - 03218-255340
SDPO Office - 03218-285398
BDO Office - 03218-255205

**Contacts of Railway Stations & Banks**
Canning Railway Station - 03218-255275
SBI (Canning Town) - 03218-255216,255218
PNB (Canning Town) - 03218-255231
Mahila Co-operative Bank - 03218-255134
WB State Co-operative - 03218-255239
Bandhan Bank - Mob. No. 7596012991
Axix Bank - 03218-255352
Bank of Boroda, Canning - 03218-257888
ICICI Bank, Canning - 03218-255206
HDFC Bank, Canning Hos. More - 9088107808
Bank of India, Canning - 03218 - 245091

## রাত্রিকালীন ঔষধ পরিষেবার তালিকাসূচী (ক্যানিং)

প্রতি মাসের এই তারিখে এই সমস্ত দোকান খোলা থাকবে

| | | | | | |
|---|---|---|---|---|---|
| 01 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি | 02 ভারত মেডিকেল হল | 03 সপ্না মেডিকেল হল | 04 ভারত মেডিক্যাল হল | 05 ঘোষ মেডিকেল | 06 ঔষধ ঘর |
| 07 আরোগ্য মেডিক্যাল | 08 মেডিকেয়ার ফার্মেসী | 09 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি | 10 জীবন জ্যোতি ফার্মেসী | 11 সিনহা মেডিকেল হল | 12 গোকুল ফার্মেসী |
| 13 ঔষধ ঘর | 14 সৌভিক ফার্মেসি | 15 নির্মলা মেডিকেল হল | 16 মাতৃ ফার্মেসী | 17 ইউনিক ফার্মেসী | 18 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি |
| 19 ঘোষ মেডিকেল | 20 সৌভিক ফার্মেসি | 21 আরোগ্য মেডিকেল | 22 মেডিকেয়ার ফার্মেসী | 23 শোভা মেডিকেল হল | 24 প্রমিলা মেডিকেল কর্নার |
| 25 সিনহা মেডিকেল হল | 26 ঘোষ মেডিকেল | 27 মাতৃ ফার্মেসী | 28 সৌভিক ফার্মেসি | 29 নির্মলা মেডিকেল হল | 30 মাতৃ ফার্মেসী |



# মাননীয় প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর "মন কি বাত" (১১৯ তম পর্ব) অনুষ্ঠানের বাংলা অনুবাদ

**(প্রথম পর্ব)**

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

আমার প্রিয় দেশবাসী, নমস্কার। মন কি বাতে স্বাগত জানাই আপনাদের সবাইকে। এখন চ্যাম্পিয়ন্স ট্রফি চলছে আর চারদিক ক্রিকেট নিয়ে সরব। ক্রিকেটে সেঞ্চুরির রোমাঞ্চ কী তা আমরা সবাই কমবেশি জানি, কিন্তু আজ আমরা ক্রিকেট নয়, মহাকাশে ভারত যে অসামান্য সেঞ্চুরি বানিয়েছে সেটা নিয়ে কথা বলব। গত মাসে দেশ ইসরোর শততম রকেটের উৎক্ষেপণের সাক্ষী হয়েছে। এতে কেবল একটা নয়, বরং মহাকাশ বিজ্ঞানে নিত্য নতুন উচ্চতা স্পর্শ করার আমাদের যে সঙ্কল্প সে সম্পর্কেও ধারণা পাওয়া যায়। আমাদের মহাকাশ যাত্রা শুরু হয়েছিল খুব সাধারণভাবে। সেখানে পদে-পদে চ্যালেঞ্জ ছিল, কিন্তু আমাদের বিজ্ঞানীরা সব জয় করতে-করতে এগিয়ে চললেন। সময়ের সঙ্গে-সঙ্গে মহাকাশের এই সব অভিযানে আমাদের সাফল্যের তালিকা আরও দীর্ঘ হতে থাকল। লঞ্চ ভেহিকলের নির্মাণ হোক, চন্দ্রযানের সাফল্য হোক, মঙ্গলযান হোক, আদিত্য এল-ওয়ান অথবা একটামাত্র রকেটের সাহায্যে একই বারে মহাকাশে একশো চারটি স্যাটেলাইট পাঠানোর অভূতপূর্ব মিশন হোক – ইসরোর সাফল্যের পরিধি ক্রমশ বড় হচ্ছে। গত দশ বছরেই প্রায় চারশো ষাটটি স্যাটেলাইট উৎক্ষেপণ করা হয়েছে আর এর মধ্যে অন্যান্য দেশের অনেক স্যাটেলাইট রয়েছে। সাম্প্রতিক সময়ের আরও একটা বৈশিষ্ট্য এটাও যে আমাদের মহাকাশ বিজ্ঞানীদের দলে নারী-শক্তির অংশীদারিত্ব ক্রমাগত বেড়েই চলেছে। আমার এটা দেখে খুব আনন্দ হয় যে আজ মহাকাশ-ক্ষেত্র আমাদের তরুণদের জন্য খুব আকর্ষণীয় হয়ে উঠেছে। কিছু দিন আগে অবধিও কে ভেবেছিল যে এই ক্ষেত্রে স্টার্ট-আপ আর বেসরকারি স্পেস কোম্পানির সংখ্যা শতাধিক হয়ে উঠবে! আমাদের যে সব তরুণরা জীবনে কিছু উত্তেজনাময় আর রোমাঞ্চকর কিছু করতে চায়, তাদের জন্য মহাকাশ-ক্ষেত্র এক চমৎকার বিকল্প জায়গা হয়ে উঠছে।

বন্ধুরা, আগামী কয়েক দিনের মধ্যেই আমরা জাতীয় বিজ্ঞান দিবস পালন করতে চলেছি। আমাদের শিশুদের মধ্যে, তরুণদের মধ্যে বিজ্ঞানের প্রতি টান ও আগ্রহ থাকা গুরুত্বপূর্ণ। এ নিয়ে আমার কাছে একটা আইডীয়া আছে, যাকে আপনারা 'one day as a scientist' আখ্যা দিতে পারেন, অর্থাৎ, আপনি আপনার একটা দিন বিজ্ঞানী হিসাবে, একজন বৈজ্ঞানিকের রূপে, কাটিয়ে দেখুন। আপনি আপনার সুবিধে অনুযায়ী, পছন্দ অনুযায়ী, যে কোনও দিন বেছে নিতে পারেন। সে দিন আপনি কোনও গবেষণা প্রতিষ্ঠান, তারামণ্ডল অথবা কোনও মহাকাশ কেন্দ্রের মত জায়গায় অবশ্যই যান। এতে বিজ্ঞান নিয়ে আপনার কৌতূহল আরও বাড়বে। মহাকাশ আর বিজ্ঞানের মত আর একটা ক্ষেত্র রয়েছে যেখানে দ্রুততার সঙ্গেও নিজের উজ্জ্বল পরিচিতি তৈরি করছে ভারত – এটা হল এআই অর্থাৎ আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স।

সম্প্রতি আমি আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স এর একটি বড় সম্মেলনে অংশ নিতে প্যারিস গিয়েছিলাম। সেখানে সারা বিশ্ব এই সেক্টরে ভারতের উন্নতির ভূয়সী প্রশংসা করেছে। আমাদের দেশের মানুষ AI এর ব্যবহার কী কী ভাবে করছে তার উদাহরণও আমরা দেখতে পাচ্ছি। যেমন তেলেঙ্গানার আদিলাবাদের সরকারি স্কুলের এক শিক্ষক থোডাসম কৈলাস জি। ডিজিটাল সংগীতে তার আগ্রহ আমাদের বহু ট্রাইবাল ল্যাঙ্গুয়েজকে বাঁচিয়ে রাখতে অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে। উনি AI টুলস এর সাহায্যে কোলামি ভাষায় গান কম্পোজ করে চমৎকৃত করে দিয়েছেন। এই AI এর ব্যবহার কোলামি ছাড়াও অন্য অনেক ভাষায় গান তৈরি করতেও ব্যবহৃত হচ্ছে। সোশ্যাল মিডিয়ায় ওঁর ট্র্যাক আমাদের জনজাতি ভাই-বোনেদের অত্যন্ত পছন্দ হচ্ছে। স্পেস সেক্টর কিংবা AI, আমাদের তরুণ প্রজন্মের ক্রমবর্ধমান অংশগ্রহণে এক নতুন বিপ্লবের জন্ম দিচ্ছে। নতুন নতুন টেকনোলজিকে গ্রহণ ও প্রয়োগ করার ক্ষেত্রে ভারতবাসীরা কারো থেকে পিছিয়ে নেই।

আমার প্রিয় দেশবাসী, আগামী ৮ ই মার্চ আন্তর্জাতিক নারী দিবস। এটি আমাদের নারী শক্তিকে প্রণাম জানানোর এক বিশেষ সুযোগ। দেবী মাহাত্ম্যতে বলা হয়েছে -

বিদ্যা: সমস্তা: তব দেবি ভেদা:

স্ত্রয়ও: সমস্তা: সকলা জগৎসু

অর্থাৎ সকল বিদ্যা দেবীরই বিভিন্ন স্বরূপের অভিব্যক্তি এবং জগতের সমস্ত নারীশক্তিতে ওঁরই প্রতিরূপ আছে। আমাদের সংস্কৃতিতে মেয়েদের সম্মান সবার উপরে থেকেছে। দেশের মাতৃশক্তি আমাদের স্বাধীনতা সংগ্রামে ও সংবিধান নির্মাণেও বিরাট ভূমিকা পালন করেছে। সংবিধান সভায় আমাদের জাতীয় পতাকা প্রস্তুত করার সময় হংসা মেহতাজি যা বলেছিলেন, তা আমি তাঁরই কণ্ঠে আপনাদের সবার সঙ্গে ভাগ করে নিচ্ছি।

#Audio

এটা খুবই সমীচীন যে এই ঐতিহ্যমন্ডিত সদনের ওপরে প্রথম যে পতাকা উড়বে তা ভারতের মেয়েদের তরফ থেকে হবে এক উপহার। আমাদের দেশের স্বাধীনতার জন্য আমরা এই গৈরিক রং ধারণ করেছি, লড়াই করেছি, যন্ত্রণা সহ্য করেছি এবং ত্যাগ স্বীকার করেছি । আজ আমরা আমাদের লক্ষ্যে উপনীত হয়েছি। দেশের স্বাধীনতার এই প্রতীক তুলে ধরে আরো একবার দেশের কাজে নিবেদিত হলাম। আমরা এক মহান ভারত গড়ে তোলার শপথ নিচ্ছি। এমন এক দেশ যা হবে সকল দেশের সেরা। আমরা প্রতিজ্ঞা করছি, যে স্বাধীনতা আমরা অর্জন করেছি, তা অটুট রাখার মহৎ উদ্দেশ্যে আমরা কাজ করে যাব।

বন্ধুরা হংস মেহতাজি আমাদের জাতীয় পতাকা তৈরি থেকে শুরু করে সারা দেশের জন্য আত্ম বলিদান দিয়েছিলেন যে সকল নারীরা, তাদের অবদানের কথা তুলে ধরেছিলেন। তিনি মনে করতেন, আমাদের তেরঙ্গা পতাকায় গেরুয়া রং সেই ভাবনার উন্মেষ ঘটায়। তার দৃঢ় বিশ্বাস ছিলো যে আমাদের নারী শক্তি ভারতকে শক্তিশালী ও সমৃদ্ধ করে তুলতে গুরুত্বপূর্ণ ভূমিকা নেবে। আজ তার সেই কথাগুলোই সত্য প্রমাণিত হচ্ছে। আজ যে কোনো ক্ষেত্রেই দৃষ্টিপাত করলে দেখা যাবে যে মহিলাদের অবদান কতটা ব্যাপক।

বন্ধুরা, এবার নারী দিবসে আমি এমনই একটা উদ্যোগ নিতে যাচ্ছি, যা আমাদের নারী শক্তির প্রতি সমর্পিত হবে। এই বিশেষ মুহূর্তে আমি আমার social

**ক্রমশঃ**

# সিনেমার খবর

## মার্ভেলের নতুন অ্যাভেঞ্জার শাহরুখ? যা বললেন ক্যাপ্টেন আমেরিকা!



স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন

বলিউড বাদশা শাহরুখ খানের জনপ্রিয়তা আন্তর্জাতিক পর্যায়ে পৌঁছেছে বহু আগেই। অ্যাঞ্জেলিনা জোলি থেকে পেনেলোপ ক্রুজ—হলিউডের অনেক তারকাই তার সঙ্গে অভিনয়ের ইচ্ছা প্রকাশ করেছেন। তবে এখনও পর্যন্ত হলিউডে দেখা যায়নি শাহরুখকে। তবে তিনি আগেও বলেছেন, "মর্যাদাপূর্ণ কোনো চরিত্র পেলে তবেই কাজ করব।"

এবার হয়তো সেই স্বপ্ন সত্যি হতে চলেছে! কারণ, 'ক্যাপ্টেন আমেরিকা' খ্যাত হলিউড অভিনেতা অ্যান্থনি ম্যাকি জোর গলায় জানালেন, তিনি শাহরুখের সঙ্গে কাজ করতে চান। ফলে নতুন করে গুঞ্জন ছড়িয়েছে—মার্ভেলের পরবর্তী অ্যাভেঞ্জার কি হতে যাচ্ছেন শাহরুখ খান?

খুব শীঘ্রই মুক্তি পাচ্ছে মার্ভেলের 'ক্যাপ্টেন আমেরিকা: ব্রেভ নিউ ওয়ার্ল্ড'। এই ছবির প্রচারের সময় এক সাক্ষাৎকারে অ্যান্থনিকে প্রশ্ন করা হয়—পরবর্তী অ্যাভেঞ্জার হিসেবে তিনি কোন বলিউড তারকাকে দেখতে চান? উত্তরে ক্যাপ্টেন আমেরিকা এক মুহূর্তও দেরি না করে বলেন, "শাহরুখ খান। ওর জবাব নেই!"

এই মন্তব্যের পরই বলিউড ও হলিউডের ভক্তদের মধ্যে তুমুল আলোচনা শুরু হয়েছে—তবে কি এবার মার্ভেলের সুপারহিরো হচ্ছেন শাহরুখ? ক্যাপ্টেন আমেরিকার এই বক্তব্য কি ইঙ্গিত দিচ্ছে বলিউড বাদশার হলিউড অভিষেকের?

যদিও এখনও এই বিষয়ে কোনো মন্তব্য করেননি শাহরুখ খান।

এর আগেও, ২০১৮ সালে মার্ভেলের ক্রিয়েটিভ ডেভেলপমেন্টের ভাইস প্রেসিডেন্ট স্টিফেন ওয়াকার জানিয়েছিলেন, তিনি শাহরুখকে মার্ভেলের সিনেমায় দেখতে চান। তার বক্তব্য ছিল, "আমরা যদি ভারতীয় কনটেন্ট নিয়ে কোনো সিনেমা বানাই, তবে শাহরুখকে নিতেই হবে।"

এখন প্রশ্ন একটাই—তবে কি অবশেষে হলিউডের সুপারহিরো চরিত্রে দেখা যাবে শাহরুখ খানকে?

## তাপসী পান্নু ও স্বস্তিকার জুটিতে আসছে 'গান্ধারী'

স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন

বাংলার অভিনেত্রী স্বস্তিকা মুখার্জি ফিল্ম ইন্ডাস্ট্রিতে দুই দশকেরও বেশি সময় কাটিয়ে ফেলেছেন। একের পর এক চরিত্রে অভিনয় করে দর্শক-অনুরাগীদের মন্ত্রমুগ্ধ করেছেন। টলিউডের পাশাপাশি বর্তমানে বলিউডেও ব্যস্ত অভিনেত্রী।

ভারতীয় গণমাধ্যমের এক প্রতিবেদন অনুযায়ী, এবার বলিউড অভিনেত্রী তাপসী পান্নুর সঙ্গে স্ক্রিন শেয়ার করতে দেখা যাবে স্বস্তিকাকে। সিনেমার নাম 'গান্ধারী'। এ ছবিতে তাপসী পান্নু এবং স্বস্তিকা মুখার্জি ছাড়াও থাকছেন 'পাতাললোক' খ্যাত ইশওয়াক সিং।



সামাজিক যোগাযোগ মাধ্যমে পরিচালক দেবাশিস মাখিজা সেনেমার শুটিংয়ের কিছু ছবি পোস্ট করেছেন। ছবির কেন্দ্রীয় চরিত্রে রয়েছেন অভিনেত্রী তাপসী পান্নু এবং তার বিপরীতে রয়েছেন ইশওয়াক সিং।

ছবির গল্পে এবং চরিত্রে রয়েছে বাঙালি কানেকশন, বাঙালি চরিত্র। স্বস্তিকা মুখার্জিও গুরুত্বপূর্ণ চরিত্রে থাকছেন। বলিউডে ইতোমধ্যেই কিছু শক্তিশালী চরিত্রে অভিনয় করেছেন তিনি। দক্ষ অভিনয়ের কারণে এবারও যে দর্শকদের মন জয় করবেন, তা বলাই বাহুল্য।

প্রসঙ্গত, দেবাশিস মাখিজা অ্যাকশন ছবিতে আগে কাজ করলেও তার 'গান্ধারী' সাধারণ মানুষের লড়াইয়ের কথা বলবে এবং কঠিন অবস্থার মধ্যে পড়া সাধারণ মানুষ কতদূর পর্যন্ত লড়তে পারে, সেটাকে ঘিরেই আবর্তিত হয়েছে গল্প। অ্যাকশন থ্রিলার হলেও তথাকথিত বলিউড থ্রিলার হবে না।

## দ্বিতীয়বার মা হচ্ছেন ইলিয়ানা ডিক্রুজ



স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন

ভারতীয় অভিনেত্রী ইলিয়ানা ডিক্রুজ প্রথমবার মা হওয়ার সময় বেশ বিতর্কে জড়িয়েছিলেন। বিয়ের আগেই অন্তঃসত্ত্বা হয়ে পড়ায় এই অভিনেত্রীকে নিয়ে চর্চা কম হয়নি। শেষমেশ বিতর্ক থামাতে ২০২৩ সালের মে মাসে বিয়ে করেন ইলিয়ানা। তারপরই সে বছরের আগস্টে ইলিয়ানার কোল জুড়ে আসে পুত্রসন্তান।

সেই পুত্রসন্তান নিয়েই এখন তার জীবন। আর কোলে দেড় বছরের সেই সন্তান নিয়েই ফের মাতৃত্বসুখ পেতে চলেছেন ইলিয়ানা ডিক্রুজ। সম্প্রতি নিজেই সুখবরটি জানিয়েছেন অভিনেত্রী।

২০২৫ সালের শুরুতেই অবশ্য ইলিয়ানার দ্বিতীয় সন্তান আসার গুঞ্জন শুরু হয়। প্রেগন্যান্সি কিট হাতে ছবি পোস্ট করতেই অভিনেত্রীর ফের অন্তঃসত্ত্বা হওয়ার জল্পনা শুরু। তবে ছবি পোস্ট করলেও তখন নতুন সন্তান আসার কথা স্পষ্ট করেননি ইলিয়ানা।

শুক্রবার মাঝরাতে চিপসের প্যাকেট রেখে পোস্ট করে প্রেগন্যান্সি ক্রেভিংয়ের কথা জানান ইলিয়ানা। ক্যাপশনে লেখা- 'কীভাবে বুঝবেন কেউ প্রেগন্যান্ট'। অতঃপর সেই জল্পনা মিথ্যে নয়, তা নিশ্চিত হওয়া গেল।

অস্ট্রেলিয়ার ফটোগ্রাফার অ্যান্ড্রিউ নিবোনের সঙ্গে সম্পর্কে ছিলেন ইলিয়ানা। একাধিকবার তার সঙ্গে ক্যামেরাবন্দি হয়েছেন। ২০১৯ সালে দু'জনের বিচ্ছেদের খবর প্রকাশ্যে আসে। অ্যান্ড্রিউ এ বিষয়ে কোনো মন্তব্য না করতে চাইলেও ইলিয়ানা বিচ্ছেদের খবর স্বীকার করে নেন। এরপর শোনা যায়, ক্যাটরিনা কাইফের ভাই সেবাস্টিয়ান লরেন্ট মিশেলের সঙ্গে প্রেম করছিলেন ইলিয়ানা। কিন্তু এই রটনা বেশি দিন টেকেনি। এরপর ২০২৩ সালের মে মাসে মাইকেল ডোলানকে বিয়ে করেছেন ইলিয়ানা, তাদের সন্তান কোয়ার জন্ম হয় আগস্ট মাসে।

চ্যাম্পিয়ন্স ট্রফি স্পেশাল

# চিরপ্রতিদ্বন্দ্বী ভারতের কাছে পাকিস্তানের হার

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**



আইসিসি চ্যাম্পিয়নস ট্রফিতে চিরপ্রতিদ্বন্দ্বী ভারতের কাছে ৬ উইকেটে হারল পাকিস্তান। ২৪১ রানের জবাবে খেলতে নেমে ৪৫ বল হাতে রেখেই জয় পায় ভারত।

রবিবার দুবাই আন্তর্জাতিক স্টেডিয়ামে আগে ব্যাটিংয়ে নামে পাকিস্তান। তবে কম সময়ের ব্যবধানে দুই ওপেনার বাবর আজম (২৩) ও ইমাম-উল-হককে (১০) হারিয়েও ঘুরে দাঁড়িয়েছিল দলটি।

সৌদ শাকিলকে নিয়ে জুটি লম্বা করতে চেয়েছিলেন মোহাম্মদ রিজওয়ান। ভারতের বিপক্ষে হাফ সেঞ্চুরির পথে ছিলেন অধিনায়ক। হার্ষিত রানা তার ক্যাচ মিস করায় ৪৪ রানে জীবন পান রিজওয়ান। কিন্তু সুযোগটা কাজে লাগাতে পারেননি তিনি।

অক্ষর প্যাটেলের বলে বোল্ড হয়ে ৪৬ রানে সাজঘরে ফেরেন রিজওয়ান। সেট হওয়া রিজওয়ান ও শাকিলের ১০৪ রানের জুটি ভেঙে আবার বিপদে পড়ে দলটি।


পরের ওভারে হার্দিক পান্ডিয়ার বলে অক্ষরের হাতে ক্যাচ দেন শাকিল। তার ব্যাট থেকে আসে ৭৬ বলে ৬২ রান। ৩৭তম ওভারে রবীন্দ্র জাদেজার বলে সেট হওয়ার আগেই মাঠ ছাড়েন তৈয়ব তাহির (৪)।

পরে ডেথ ওভারে ঘূর্ণি জাদু দেখান কুলদীপ যাদব। ৪৩তম ওভারে সালমান আগা (১৯) ও শাহীন শাহ আফ্রিদিকে (০) ফিরিয়ে হ্যাটট্রিকের সুযোগ তৈরি করেছিলেন তিনি। তবে উইকেট ধরে রেখে তাকে হতাশ করেন নাসিম শাহ।

অবশ্য এক ওভার বিরতি দিয়ে নাসিমকে ১৪ রানে ফেরান ভারতীয় এই স্পিনার। শেষের আগের ওভারে খুশদিল শাহ ও হারিস রউফ দুটি বড় ছক্কা মেরে আড়াইশ রানের সম্ভাবনা তৈরি করেন। পরে ৪৯.৪ ওভারে সবকয়টি উইকেট হারিয়ে ২৪১ রান করে পাকিস্তান।

জবাবে খেলতে নেমে বিরাট কোহলির অপরাজিত ১০০ রানে সহজে জয় পায় ভারত। কোহলিকে ভালো সঙ্গ দিয়েছেন শ্রেয়াস আইয়ার। তিনি ৫৬ রানে আউট হয়েছেন। এ ছাড়া রোহিত শর্মা ২০, শুভমান গিল ৪৬ ও হার্দিক পান্ডিয়া করেছেন ৮ রান।

## টানা দু-বার, শিল্ড জয়ের ইতিহাস মোহনবাগানের



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**


ইন্ডিয়ান সুপার লিগে ওড়িশা এফসি-র বিরুদ্ধে খেলতে নেমেছিল মোহনবাগান সুপার জায়ান্ট। কলকাতার বিবেকানন্দ যুবভারতী ক্রীড়াঙ্গনে এই ম্যাচের আয়োজন করা হয়েছিল। এই ম্যাচে সবুজ-মেরুন ব্রিগেড ১-০ গোলে জয়লাভ করেছে। সেইসঙ্গে টানা দ্বিতীয়বার তারা আইএসএল লিগ শিল্ড জয় করল।

ইনজুরি টাইমের তৃতীয় মিনিটে বাগানের হয়ে জয়সূচক গোলটি করলেন দিমিত্রিয়স পেত্রাতোস। আর সেইসঙ্গে খেতাব জয়ও নিশ্চিত করে মেরিনার্সরা। আইএসএল ইতিহাসে মোহনবাগানই প্রথম দল যারা এই লিগ শিল্ড ডিফেন্ড করতে পারল।প্রসঙ্গত, মোহনবাগানের হাতে এখনও ২ ম্যাচ বাকি রয়েছে। কিন্তু, তার আগেই তারা লিগ শিল্ড নিজেদের পকেটে পুরে নিতে পেরেছে। আগামী ৮ মার্চ তারা এফসি গোয়ার বিরুদ্ধে শেষ ম্যাচ খেলতে নামবে।

একথা বলতে কোনও অসুবিধে নেই যে হোসে মলিনার দল গোটা মরশুম জুড়েই দুর্দান্ত পারফরম্যান্স করেছে। তারা যেমন সর্বাধিক (৪৩) গোল করেছে। তেমনই, সবথেকে কম (১৪) গোল তারা হজম করেছে।

এবার মোহনবাগান আইএসএল প্লে-অফ নিয়ে চিন্তাভাবনা শুরু করবে। আশা করা যায়, দল মরশুমে ফাইনালে হারের বদলা তারা নিতে পারবে।

## মুসিয়ালার সঙ্গে দীর্ঘ মেয়াদী চুক্তি করলো বায়ার্ন



জামাল মুসিয়ালা

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

তারুণ্যেই নিজের সামর্থ্যের প্রমাণ রেখে বায়ার্ন মিউনিখে জায়গা পাকা করে ফেলেছেন জামাল মুসিয়ালা। এবার তার একটি পুরস্কারও পেলেন তিনি। জার্মান মিডফিল্ডারের সঙ্গে দীর্ঘ মেয়াদী চুক্তি করল বায়ার্ন।

২১ বছর বয়সী এই ফুটবলারের সঙ্গে ২০৩০ সাল পর্যন্ত নতুন চুক্তির খবরটি শুক্রবার নিজেদের ওয়েবসাইটে জানিয়েছে জার্মানির সফলতম ক্লাবটি। গত মৌসুমের ব্যর্থতা ভুলে এবার দারুণ ছন্দে বুন্ডেসলিগার শিরোপা পুনরুদ্ধারের পথে এগিয়ে যাচ্ছে বায়ার্ন, টেবিলে দ্বিতীয় স্থানে থাকা বায়ার লেভারকুজেনের চেয়ে ৮ পয়েন্টে এগিয়ে আছে তারা। আর এই পথচলায় দারুণ অবদান রেখে চলেছেন মুসিয়ালা, করেছেন ১০ গোল।

২০১৯ সালে চেলসির একাডেমি থেকে বায়ার্নে যোগ দেন মুসিয়ালা। পরের বছর বুন্ডেসলিগায় অভিষেক হয় তার। নতুন চুক্তি করে দারুণ কিছু অর্জনের প্রত্যাশার কথা শোনালেন তিনি।

মুসিয়ালা জানান, "এখানেই আমি পেশাদার ফুটবলে প্রথম পদক্ষেপ নিয়েছিলাম এবং দৃঢ়ভাবে বিশ্বাস করি, আগামীতে এই দলের হয়ে আমরা অনেক বড় কিছু অর্জন করতে পারব।"

তিনি আরও বলেন, "মিউনিখে ও এই ক্লাবে, সমর্থকদের পাশে পেয়ে আমি খুব স্বাচ্ছন্দ্যে আছি। অনেক কিছু আছে, আমরা যা অর্জন করতে পারি।" ফেব্রুয়ারিতে তৃতীয় খেলোয়াড় হিসেবে বায়ার্নে চুক্তির মেয়াদ বাড়ালেন মুসিয়ালা, আগের দুজন অভিজ্ঞ গোলরক্ষক মানুয়েল নয়ার ও ডিফেন্ডার অলফুঁস ডেভিস।

● স্বত্বাধিকারী, প্রকাশক, মুদ্রক : মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৬বি, নবীন কুন্ডু লেন, কলেজ রো, কলেজ স্ট্রীট, কলকাতা-৭০০০০৯ এবং ১৯ডি, জামির লেন, কলকাতা-৭০০০১৯ থেকে ডিজিটাল মুদ্রিত ● সম্পাদক : মৃত্যুঞ্জয় সরদার, ফোন : ৯৫৬৪৩৮২০৩১
● Printed, Published, Owned by MRITYUNJOY SARDAR ● Printed by Queen Press - Hedia, P.O . : Uttar Moukhali,P.S. : Jibantala, Dist. : South 24 Parganas, Pin : 743329
and Published at 19D, Jamir Lane, Kolkata- 700019 & 16 B, Nabin Kundu Lane, College Row, College Street, Kolkata -700009 ● Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR